২৯/৯/২০০১

ভোরের কাগজ

তারিখ ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ কলাম ৪

# যুক্তরাষ্ট্রে পড়ুয়া মুসলমান ছাত্ররা দেশে ফিরে যাচ্ছে

যুক্তরাষ্ট্রে অবস্থানরত মধ্যপ্রাচ্যের কয়েক শ ছাত্র দেশে ফিরে যাওয়ার উদ্যোগ নিচ্ছে। বিশ্ব বাণিজ্য কেন্দ্র ও পেন্টাগনে বিমান হামলার ফলে তাদের বিরুদ্ধে ঘৃণা সৃষ্টি হওয়ায় তারা যুক্তরাষ্ট্র ত্যাগের সিদ্ধান্ত নেয়। ক্যাম্পাস কর্মকর্তারা শুক্রবার এ কথা জানান। রয়টার।

সাম্প্রতিক দিনগুলোতে মধ্যপ্রাচ্যের কমপক্ষে ৫ জন ছাত্র যুক্তরাষ্ট্রে বিভিন্ন কলেজ ক্যাম্পাসে লাঞ্ছিত হয় এবং অনেককেই হুমকি দেওয়া হয়।

যুক্তরাষ্ট্রের শিক্ষামন্ত্রী রোড পের্জ আরব ছাত্রদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য শিক্ষাবিদদের প্রতি আহ্বান জানিয়েছেন। শিক্ষা প্রতিষ্ঠানের প্রশাসন ক্যাম্পাসে সহনশীলতার পরিচয় দেওয়ার জন্য আহ্বান জানায়। এদিকে বিশ্ববিদ্যালয় পুলিশ নিরাপত্তা জোরদার করেছে।

ইউনিভারসিটি অব সাউদার্ন ক্যালিফোর্নিয়ার আন্তর্জাতিক সেবা বিভাগের নির্বাহী পরিচালক বলেছেন, মধ্যপ্রাচ্যের সবাই এরকম ঢালাও মন্তব্য করলে মার্কিনিদের সম্পর্কে তাদের মনে খারাপ ধারণার সৃষ্টি হবে।

উদাহরণ হিসেবে তিনি উল্লেখ করেন, স্কার্ফ পরা একজন ইন্দোনেশীয় মুসলিম ছাত্রী নীলবাতি জ্বলার পর গাড়ি চালাতে গেলে অপর একটি ছাত্র তাকে নাজেহাল করে এবং গালাগাল করে।

এদিকে মায়ামির ফ্লোরিডা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে পড়ুয়া পাকিস্তানি বংশোদ্ভূত একজন আমেরিকান ছাত্রীকে বেশ কয়েকবার মৌখিকভাব হুমকি দেওয়া হয়। নাম প্রকাশ না করার শর্তে এই ছাত্রী বলেন, 'আপনি যখন মুদি দোকানে যাবেন, তখন তারা আপনার দিকে বিশ্রিভাবে তাকাবে। তাদের চাহনী খুব ভীতিকর ও নোংরা।' এই ছাত্রী বলেন, 'আমি এই সন্ত্রাসের সঙ্গে জড়িত নই। আমি এখানে শৈশব থেকেই আছি। আমরা সবাই তো আর সন্ত্রাসী নই।'

কয়সা নামের একজন ছাত্র যুক্তরাষ্ট্রে এসেছিল ইংরেজি শিখতে। সেখানে সে একমাস ছিল। গত শুক্রবার সে তার দেশ লেবাননে ফিরে গেছে। যাওয়ার সময় বলেছে, পরিস্থিতি ভালো হলে সে ফিরে আসবে। সে বলেছে, এই সন্ত্রাসী ঘটনা যারা ঘটিয়েছে তাদের চিহ্নিত করার পর এবং সকল মুসলমান এক রকম নয়, এটা মার্কিনিরা বোঝার পর আমি ফিরে আসবো।